



এ বার থেকে প্রতি মাসে সুপুষ্টি দিবস ও  
অন্নপ্রাশন দিবস পালন করবে অঙ্গনওয়াড়ি  
কেন্দ্রগুলি। নারী ও শিশু কল্যাণ দপ্তরের  
কর্তাদের নির্দেশে মাসের শেষ শুক্রবার  
রকের প্রতিটি সুসংহত শিশু বিকাশ কেন্দ্র  
বা অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে জাঁকজমক  
করে অনুষ্ঠানের মাধ্যমে ৬ মাসে পা  
দেওয়া শিশুদের মুখে পুষ্টিকর খাবার তুলে  
দেওয়া হবে। বাড়িতে যে ভাবে অন্নপ্রাশন  
পালন করা হয় সেভাবেই পালিত হবে  
গণ অন্নপ্রাশন। দপ্তরের সেই নির্দেশ মেনে  
শুক্রবার ভাঙড় ২ রকের প্রায় ৩০২টি  
কেন্দ্রেই এই দিবস পালন করা হয়েছে  
বলে জানিয়েছেন ভাঙড়ের সিডিপিও  
অর্পিতা রায় সান্যাল — শ্রেয়া সরকার